“ একই সূত্র ও স্মারকে প্রতিস্থাপিত”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
www.unohabiganjsadar.habiganj.gov.bd

তারিখঃ ১০ জুন ২০২৪ খ্রি. ।

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২৪- ৪৭৪

“ আসন্ন পবিত্র ঈদ- উল-আযহা উপলক্ষ্যে হবিগঞ্জ সদর উপজেলায় অস্থায়ী পশুর হাট বসানোর নিমিত্ত প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ১০ জুন ২০২৪ খ্রি. তারিখের ২৫৭ নং ও ২৬৩(৩) নং স্মারকের অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষ্যে নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নোক্ত শর্ত মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষে প্রকাশ্যে নিলাম প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে আগামী ১১ জুন ২০২৪ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ১.০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষ, হবিগঞ্জ সদরে প্রকাশ্যে নিলাম অনুষ্ঠিত হবে । উক্ত প্রকাশ্যে নিলাম ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

নিলামে অংশগ্রহণের আবেদন ফরম বিক্রয়ের তারিখ, সময় ও স্থান	নিলামে অংশগ্রহণের আবেদন ফরম জমা প্রদানের তারিখ, সময় ও স্থান	প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান
১১/০৬/২০২৪ খ্রি. সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।	১১/০৬/২০২৪ খ্রি. বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।	১১/০৬/২০২৪ খ্রি. বেলা ১.০০ঘটিকা উপজেলা পরিষদ সভাকক্ষ, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ ।

শর্তাবলী

আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে স্ব- স্ব পশুর হাটের বিপরীতে
০১ । আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে স্ব- স্ব পশুর হাটের বিপরীতে উল্লিখিত নগদ মূল্যে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য নিলামে অংশগ্রহণের আবেদন ফরম ক্রয় করে ফরম পূরণ করতঃ নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে ।

০২ । নির্ধারিত তারিখ ও সময় ব্যতিরেকে নিলামে অংশগ্রহণের আবেদন সরবরাহ করা হবে না ।

০৩ । নিলাম ডাকের অংশগ্রহণকারীকে নিলাম ডাক শুরু হওয়ার পূর্বে জামানত হিসেবে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদান করতে হবে ।

০৪ । বিজয়ী নিলাম ডাককারীকে ডাকের উদ্ধৃত দর এবং উদ্ধৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ সমুদয় অর্থ ডাক শেষ হওয়ার সাথে সাথে পরিশোধপূর্বক অনুমতিপত্র গ্রহণ করতে হবে । অনুমতিপত্র ব্যতীত হাট বসানো যাবে না ।

০৫ । অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে বাজার নিতে অপারগ হলে , নির্ধারিত সময়ে ভ্যাট আয়করসহ সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে তার নিলাম ডাক বাতিলসহ জমাকৃত জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে ।

০৬ । হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত (১৭/৬/২০২৪ খ্রি. পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে ।

০৭ । সড়কের উপর হাট বসিয়ে কোন ভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না ।

০৮ । অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে ।

০৯ । ইজারাদারকে নিজ উদ্যোগে পশুর পশুর হাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে ।

১০ । নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে ।

১১ । আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না ।

১২ । নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুতের ব্যবস্থা করতে হবে ।

১৩ । আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি নিজস্ব স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে হাটের শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে ।

১৪ । দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

১৫। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ , খেলার মাঠ, রেল লাইন এবং জাতীয় / আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পশুর হাট বসানো যাবে না ।

১৬। স্বাস্থ্যবিধি মেনে পশুর হাট পরিচালনা করতে হবে ।

১৭। হাটে একটি পশুর সারি হতে অন্য সারির দূরত্ব কমপক্ষে ১৫ (পনেরো) ফুট হতে হবে ।

১৮। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে ।

১৯। হাটের পবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং জীবানুনাশকের ব্যবস্থা রাখতে হবে ।

২০। ইজারাগ্রহীতা কর্তৃক উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে । অন্যথায় যে কোন সময় ইজারা বাতিল করা হবে ।

২১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

অস্থায়ী পশুর হাট সমূহের বিবরণঃ

ক্রমিক নং	অস্থায়ী পশুর হাট বসানোর স্থান	অবস্থান	সিডিউলের মূল্য
০১	নূরানী জামে মসজিদ বাজার সংলগ্ন খেলার মাঠ	গোপায়া ইউনিয়ন	৫০০/-
০২	রিচি চক বাজার সংলগ্ন এলাকা	রিচি ইউনিয়ন	৫০০/-
০৩	সাধুর বাজার সংলগ্নঃ মৌজা- রাজিউড়া, জেএলনং- এসএ১১৩, আরএস জেএলনং-১১২, এসএখতিয়ান নং- ৯৭৯, আরএস নামজারী খতিয়ান নং-১৩৬৭ এসএদাগ নং-৩২৯৪, আরএস দাগ নং-৪৭০৮, মোয়াজী ০৭ শতক মৌজা- রাজিউড়া, জেএলনং-১১২, এর এস খতিয়ান নং-৭০, আর এস দাগ নং-৪৭১৫, মোয়াজী ১৫ শতক সর্বমোট ২২ শতক ।	রাজিউড়া ইউনিয়ন	৫০০/-
০৪	হুরগাঁও গ্রাম জেএল নং-৭২, দাগ নং-৭২৩/১৬৮, মোট= ১৫ শতক ১৬৯-১৭৯= মোট ২২ শতক	রাজিউড়া ইউনিয়ন	৫০০/-
০৫	উচাইল বাজার এলাকা সংলগ্ন মৌজা- চারিনাও, জেএল নং-৮৮, খতিয়ান নং-৪৪৬, দাগ নং- ৭৬৫,৭৬৬	রাজিউড়া ইউনিয়ন	৫০০/-
০৬	কটিয়াদী বাজার সংলগ্ন এলাকাঃ মৌজা- সুলতানসী জেএলনং- ১২২, খতিয়ান নং- ৬৪১, দাগ নং-১১৩৬, পরিমাণ- ২৫ শতক ।	লস্করপুর ইউনিয়ন	৫০০/-

20.05.2024

রঞ্জন চন্দ্র দে
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
unohabiganj@mopa.gov.bd

তারিখঃ ১০ জুন ২০২৪ খ্রি.।

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২৪-৪৭৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ।
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
০২। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ- ০৩
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক,হবিগঞ্জ
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবগঞ্জ সদর, হবিগঞ্জ
০৭।উপজেলা নির্বাহী অফিসার (সকল) ...., হবিগঞ্জ
০৮। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ
০৯। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ । তাঁকে নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১০। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা , হবিগঞ্জ । তাঁকে নিলাম ডাকের সময় প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের জন্য অনুরোধ করা হলো ।
১১। উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ । তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১২। উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ । তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ । তাঁকে নিলাম ডাকের সময় দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানিত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, হবিগঞ্জ শাখা , হবিগঞ্জ ।
১৫। চেয়ারম্যান,.................................... (সকল) ইউপি, হবিগঞ্জ । তাঁকে স্ব-স্ব অধিক্ষেত্র বাজারে মাইকিং এর ব্যবস্থা করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) .... । তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৭। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, হবিগঞ্জ ।
১৮। জনাব .... ইজারাদার............................ বাজার (১৪৩১ বঙ্গাব্দ), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।

১০.০৬.২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।